

# ৰাষ্ট্ৰীয় সুপাৰিশমূলক পদ্ধতি

পিতামাতাদের জন্য একটি পথ-নির্দেশিকা

## এনআরএম কী?

এনআরএম বা 'রাষ্ট্রীয় সুপারিশমূলক পদ্ধতি' হল মানব পাচার এবং আধুনিক ক্রীতদাসত্বের শিকার হওয়া মানুষদের শনাক্ত করার একটি কাঠামো।

এই প্রক্রিয়ার মধ্যে দিয়ে, নিশ্চিত করতে হবে যে শিকার হওয়া মানুষরা যেন সহায়তা প্রাপ্ত হন এবং তাঁদের অভিজ্ঞতাগুলি যেন স্বীকৃত হয়।

## মানব পাচার কী?

কোনো শিশু পাচারের শিকার হয়েছে বলে তখনই শুধু স্বীকৃত হওয়া উচিত, যদি নিম্নলিখিত দুটি জিনিস ঘটে থাকে:

### 1.

একটি শিশুকে **নিযুক্ত** করা হয়েছে (উদাহরণস্বরূপ অর্থ, উপহার, সামাজিক মর্যাদা দেওয়ার শপথ করে এবং/বা তাদেরকে সমাজে অন্তর্ভুক্ত হওয়ার অনুভূতি বা পরিচয় দেওয়ার শপথ করে - আমরা এটাকে 'গ্রমিং' বলি)

অথবা

শিশুটিকে A থেকে B-তে **চালান করা হয়েছে** (এটা লম্বা দূরত্বে বা অল্প দূরত্বে হতে পারে, যেটা একই গ্রাম, নগর বা শহরের মধ্যেও হতে পারে)

অথবা

শিশুটিকে গোপনে **ধরে রাখা হয়েছে**। ধরে রাখার অর্থ হল কাউকে ধরে লুকিয়ে রাখা, উদাহরণস্বরূপ শারীরিক শ্রম করানোর জন্য কোনো খামার বাড়িতে, ওরিনা বাড়িতে যেটিকে ড্রাগের কারবার করার কেন্দ্রস্থল হিসেবে ব্যবহার করা হচ্ছে (প্রায়শই যেটিকে একটি 'ফাঁদ বাড়ি' বলা হয়)।

### 2.

এটা **শোষণ করার উদ্দেশ্যে** করা হয়েছে।

সুতরাং, উদাহরণস্বরূপ, একজন তরুণ/তরুণীকে ড্রাগ চালান করার ও পৌঁছে দেওয়ার জন্য ট্রেনে করে এক জায়গা থেকে অন্য জায়গায় পাঠানো হল। আমরা এটিকে **অপরাধমূলক শোষণ** বলি।

আর একটি উদাহরণ হতে পারে, একজন তরুণ/তরুণীকে ব্যাংক অ্যাকাউন্টকে বেআইনীভাবে অর্জিত অর্থ ধরে রাখার জন্য ব্যবহার করা। আমরা এটিকে **আর্থিক শোষণ** বলি।

**শ্রমগত শোষণের** উদাহরণ হতে পারে, একজন তরুণ/তরুণীকে পারিশ্রমিক না দিয়ে 'কাজ' করানো।

অথবা **যৌনগতভাবে শোষিত**, যেহেতু তাদেরকে এক বা একাধিক ব্যক্তির সাথে যৌনতা করতে বাধ্য করা হয়েছে।

সমস্ত শিশু শোষণের মতোই, মানব পাচার এবং আধুনিক ক্রীতদাসত্বতেও তরুণ/তরুণী এবং তাদের নিয়ন্ত্রণকারী ব্যক্তিদের মধ্যে ক্ষমতার ভারসাম্যহীনতা থাকে (উদাহরণস্বরূপ, বয়স বা সামাজিক মর্যাদার কারণে)।

যদি কোনো শিশুর সাথে এমন ব্যবহার করা হয় যাতে তার মনে হয় যেন সে কারোর 'গোলাম' (সম্পত্তির মতো) অথবা তাকে কোনো জায়গায় কাজ করতে বাধ্য করানো হয় এবং সে সেই জায়গা ছেড়ে চলে যেতে সক্ষম না হয়, তাহলে সেটিকে বলা হয় আধুনিক ক্রীতদাসত্ব।

এটা খেয়াল রাখা জরুরি যে, যে কোনো পরিবেশ থেকে আসা যে কোনো শিশুকেই গ্রহণ করে শোষণ করা যেতে পারে। এটাতে কোনো লঙ্কার ব্যাপার নেই, তবে লক্ষণগুলি শনাক্ত করা এবং সে বিষয়ে রিপোর্ট করা জরুরি, যাতে নিশ্চিত করা যায় যে শিশুটি সঠিক সহায়তা পাবে। এনআরএম স্বাভাবিক সুরক্ষা পদ্ধতিগুলির কোনো বিকল্প নয়, বরং এনআরএম প্রক্রিয়া এগুলির পরিপূরক হওয়া উচিত। অতএব, আপনার উদ্বিগ্ন সঙ্কে পুলিশের কাছে এবং আপনার স্থানীয় সামাজিক পরিষেবাগুলির কাছে রিপোর্ট করাও গুরুত্বপূর্ণ।

## এনআরএম সুপারিশমূলক প্রক্রিয়া

পিতামাতারা নিজে নিজে এনআরএম এর মাধ্যমে সুপারিশ করতে পারবেন না, কিন্তু নির্দিষ্ট কিছু প্রতিষ্ঠান যেমন পুলিশ এবং সামাজিক সেবার দায়িত্ব হল যে, যদি তাঁরা সন্দেহ করেন যে কেউ মানব পাচারের শিকার হয়েছে, তাহলে তার জন্য হোম অফিসের কাছে সুপারিশ করা। সুপারিশ করার দায়িত্বে থাকা পেশাদারদের **প্রথম প্রতিক্রিয়া-প্রদানকারী** বলা হয়।

- যদি পাচার হওয়ার লক্ষণগুলি (যা ইঙ্গিতকারী নামেও পরিচিত) উপস্থিত থাকে, তাহলে সেগুলি একজন প্রথম প্রতিক্রিয়া-প্রদানকারীর কাছে হোম অফিসে সুপারিশ করার জন্য যথেষ্ট হওয়া উচিত।
- হোম অফিস তখন সিদ্ধান্ত নেবে যে সেই ব্যক্তি পাচারের শিকার হওয়া একজন ব্যক্তি হিসেবে স্বীকৃত হবেন কিনা।
- কিছু দাতব্য প্রতিষ্ঠানও এনআরএম এর মাধ্যমে সুপারিশ করতে পারে এবং আপনাকে পরামর্শ দিতে পারে। উদাহরণস্বরূপ, আপনি সহায়তা পেতে, [এনএসপিসিসি হেল্পলাইন](#) বা [আধুনিক ক্রীতদাসত্ব হেল্পলাইন](#)-এ কল করতে পারেন।

## এনআরএম এর মাধ্যমে নেওয়া সিদ্ধান্তের অর্থ কী?

সিদ্ধান্ত নেওয়ার প্রক্রিয়াটিতে দুটি ধাপ রয়েছে:

1. একটা **যুক্তিসম্মত ভিত্তিতে সিদ্ধান্ত** পাঁচ দিনের মধ্যে নিতে হবে। এর অর্থ হল **'আমি সন্দেহ**

# The Children's Society

**করি কিন্তু প্রমাণ করতে পারব না** যে, তারা পাচার হওয়ার শিকার হয়েছে।

2. এর পরে, একটা চূড়ান্ত **নিঃসন্দেহ ভিত্তিতে সিদ্ধান্ত** নিতে হবে। এর অর্থ হল যে তারা পাচার

হোম অফিস তাদের চূড়ান্ত নিঃসন্দেহ ভিত্তিতে সিদ্ধান্ত নেওয়ার আগে পর্যন্ত, অতিরিক্ত তথ্য তাদেরকে পাঠানো যেতে পারে। যে কোনো প্রাসঙ্গিক নতুন তথ্য তাদের সিদ্ধান্ত নিতে সাহায্য করবে। যদিও পিতামাতারা এনআরএম এর মাধ্যমে কোনো সুপারিশ করতে পারেন না, কিন্তু সুপারিশ করা হয়ে যাওয়ার পরে, আপনি নতুন তথ্য পাঠাতে পারেন। যদি সম্ভব হয়, তবে প্রারম্ভিকভাবে সুপারিশকারী ব্যক্তি বা প্রতিষ্ঠানের সাথে অংশীদারিত্ব করে এটি করার জন্য আমরা উত্সাহিত করি। নতুন তথ্য [nationalreferralmechanism@homeoffice.gov.uk](mailto:nationalreferralmechanism@homeoffice.gov.uk) ইমেলে পাঠাতে হবে।

হওয়ার শিকার **“না হওয়ার চেয়ে হওয়ার সম্ভাবনা বেশি রয়েছে”**।

যদি কোনো ব্যক্তিকে পাচার হওয়ার শিকার হিসেবে শনাক্ত করা হয়, তাহলে সে কোনো অপরাধ করার জন্য গ্রেপ্তার হয়ে থাকলে বা শাস্তির সম্মুখীন হলে, তার সাথে অন্যরকম ব্যবহার করা হবে, কারণ তরুণ/তরুণীটি শোষিত হচ্ছিল। এই পরিস্থিতিতে, পাচারের শিকার হওয়া ব্যক্তিদেরও একটি আইনী প্রতিরক্ষা ব্যবহার করার অধিকার আছে, যেটিকে আধুনিক ক্রীতদাসত্ব প্রতিরক্ষা বলা হয় এবং এই বিষয়ে তাদেরকে তাদের আইনজীবির সাথে আলোচনা করতে হবে।

যদি কোনো শিশু হোম অফিস থেকে একটি ইতিবাচক নিঃসন্দেহ ভিত্তিতে সিদ্ধান্ত লাভ করে, তাহলে সে সহায়তা পাওয়ার অধিকার লাভ করবে, যেমন থেরাপি, যাতে সে তার পূর্ব অভিজ্ঞতা থেকে মুক্ত হতে পারে। সামাজিক পরিষেবাগুলির এই সহায়তা দেওয়ার কথা এবং এনআরএম এর মাধ্যমে নেওয়া সিদ্ধান্তটি যেন তাদের সুরক্ষাদায়ক সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ার অঙ্গ হয়। পিতামাতা হিসেবে, আপনি ইতিবাচক সিদ্ধান্তটিকে সামাজিক পরিষেবাগুলির থেকে সহায়তা লাভ করার জন্য ব্যবহার করতে পারেন। আপনার সন্তানও **স্বাধীন শিশু পাচার অভিভাবকত্ব পরিষেবা** থেকে সহায়তা লাভ করার অধিকার পেতে সক্ষম হতে পারে।

যদি আপনার সন্তান যুক্তরাজ্যে আশ্রয় বা সুরক্ষা খোঁজে, তাহলে এনআরএম এর মাধ্যমে নেওয়া সিদ্ধান্তটি সেই ক্ষেত্রে প্রাসঙ্গিক হতে পারে। কিছু ক্ষেত্রে, এনআরএম এর মাধ্যমে নেওয়া একটা ইতিবাচক সিদ্ধান্তের সুবাদে, হোম অফিস আপনার সন্তানকে যুক্তরাজ্যে থাকার জন্য বিবেচনামূলক অনুমতি দিতে পারে। আপনার সন্তানের অভিবাসন সলিসিটারকে যত তাড়াতাড়ি সম্ভব এই কাজের মধ্যে নিয়োজিত করা জরুরি, সবচেয়ে ভালো হয় যদি এনআরএম জমা দেওয়ার আগে করা হয়। তাঁরা তারপর এনআরএম সম্বন্ধে এবং আপনার সন্তানের সুরক্ষার দাবির সাথে এটির সংযোগ সম্পর্কে পরামর্শ দিতে পারবেন।

## এনআরএম এর মাধ্যমে নেওয়া সিদ্ধান্তে আপনি সন্তুষ্ট না হলে?

আপনি এনআরএম এর মাধ্যমে নেওয়া সিদ্ধান্তে সন্তুষ্ট না হলে, আপনার বা আপনার সন্তানের অধিকার থাকবে হোম অফিসকে দিয়ে এনআরএম এর মাধ্যমে নেওয়া সিদ্ধান্তের পুনর্বিবেচনা করানোর। সিদ্ধান্তটিতে আপত্তি জানানোর জন্য আইনী প্রতিনিধি রাখার অধিকারও আপনার থাকবে এবং এটা একজন জন আইন সলিসিটরকে দিয়ে করতে হবে (আপনার পরিস্থিতির উপর নির্ভর করে এটার জন্য আইনী সহায়তা পাওয়া যেতে পারে)। আপনি একজন জন আইন সলিসিটরকে [এখানে](#) খুঁজে পেতে পারেন।

## কোথায় সহায়তা পাওয়া যাবে

সহায়তা পেতে বা আপনার যে কোনো উদ্বেগ নিয়ে কথা বলার জন্য, আপনি আধুনিক ক্রীতদাসত্ব হেল্পলাইন **0800 012 1700** নম্বরে বা এনএসপি সিসি হেল্পলাইন **0808 8005000** নম্বরে কল করতে পারেন।

যদি আপনার সন্তান তার পরিস্থিতি নিয়ে আপনার সাথে কথা বলতে না চায়, বা এমনকি যদি বলেও, তাহলেও তাকে জানিয়ে দিন যে সে সবসময় চাইল্ডলাইন **0800 1111** নম্বরে কল করতে পারে বা তাদের সাথে অনলাইনে চ্যাট করতে পারে, যার বিশদ [এখানে](#) দেওয়া আছে। যুক্তরাজ্যের কিছু এলাকাতে, শিশুরা স্বাধীন শিশু পাচার অভিভাবকত্ব পরিষেবার সরাসরি সহায়তা লাভের অধিকার পেতে পারে। আপনার সন্তান এই সহায়তা পেতে পারে কিনা তা জানতে, আপনি বার্নার্ডোর 24 ঘন্টার সহায়তা লাইন **0800 0434303** নম্বরে কল করতে পারেন।

**আপনার সন্তানের ক্ষতি হওয়ার ঝুঁকি রয়েছে বলে যদি আপনি উদ্বেগ হন, তাহলে অনুগ্রহ করে 101 বা 999 নম্বরে আপতকালীন ভিত্তিতে পুলিশকে কল করুন এবং তাদেরকে ব্যাখ্যা করুন যে আপনার সন্তানকে পাচার করা হচ্ছে বলে আপনি আশঙ্কা করছেন।**

আমরা আপনাকে আপনার স্থানীয় সামাজিক সেবা টিমকে কল করার জন্যও উত্সাহিত করছি – যার বিশদ আপনার স্থানীয় কাউন্সিলের ওয়েবসাইটে পাওয়া যাবে। আপনি [এখানে](#) আপনার স্থানীয় কাউন্সিল খুঁজে পাবেন।